# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১।
**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/ঠাকুরগাঁও-১৭২/৫৭২৬ তারিখঃ ১৮/০১/২০১৭খ্রিঃ

বিষয় ঃ তদন্ত পূর্বক প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ঠাকুরগাঁও জেলার সদর উপজেলাধীন হাবিবুর রহমান মহিলা দাখিল মাদরাসার সুপার মোঃ নজরুল ইসলাম এর বিরুদ্ধে অবৈধভাবে সুপার হওয়া, টাকার বিনিময়ে নিয়োগ প্রদান, ছাত্রী না থাকা সত্বেও ভূয়া ছাত্রী দেখিয়ে পাবলিক পরীক্ষায় অংশগ্রহণ করানো, প্রকৃত ব্যক্তিদের বাদ দিয়ে নিজ পছন্দনীয় ব্যক্তিদের সমন্বয়ে অবৈধভাবে কমিটি গঠনসহ বিভিন্ন অনিয়মের বিষয়ে জনৈক মোঃ মানিক আলী একখানা অভিযোগপত্র দাখিল করেছেন (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় অভিযোগের বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ........(..২......) পাতা।

১৮/১/১৭
প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ উপজেলা নির্বাহী অফিসার
সদর, ঠাকুরগাঁও।

নং- বামাশিবো/প্রশা/ঠাকুরগাঁও-১৭২/ তারিখঃ /০১/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
২. জেলা শিক্ষা অফিসার, ঠাকুরগাঁও।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, ঠাকুরগাঁও।
৪. সভাপতি-ম্যানেজিং কমিটি, হাবিবুর রহমান মহিলা দাখিল মাদরাসা, সদর, ঠাকুরগাঁও।
৫. সুপার, হাবিবুর রহমান মহিলা দাখিল মাদরাসা, সদর, ঠাকুরগাঁও।
৬. জনাব মোঃ মানিক আলী, পিতা- মোঃ হাবিবুর রহমান, বশিরপাড়া, ঠাকুরগাঁও।
৭. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪

G:\Admin\Shujan\2017\01. Januray\12.01.2017\Thakur-172

বরাবর,

রেজিষ্ট্রার বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

বিষয়: ঠাকুরগাঁও সদর উপজেলাধীন পৌরসভার ০৫ নং ওয়ার্ডে অবস্থিত। হবিবর রহমান মহিলা দাখিল মাদরাসার বর্তমান হালচিত্র এবং ভুয়া ম্যানিজিং কমিটি গঠনের অভিযোগ প্রসঙ্গে।

জনাব,

সবিনয় নিবেদন এই যে, প্রতিষ্ঠানের জমিদাতা মোঃ হাবিবুর রহমান আমার বাবা যিনি বর্তমানে অসুস্থ তিনি গত ১৯৯০ ও ১৯৯২ সনে সালন্দর মৌজার জে,এল নং-১০৭, দাগ নং- ৬৬৩০, ৬৬৩১,৬৬৩২ ও ৬৬৩৩। যাহার খতিয়ান নং- ২৫৮৮ মোট = ০.৫০ একর জমি মহিলা দাখিল মাদরাসা প্রতিষ্ঠার জন্য রেজিষ্ট্রী মূলে দান করেন। পরবর্তীতে স্থানীয় সকলের সহযোগিতায় নং রিক, ৭০৬৯/৯, তাং- ১১/০১/২০০৪ইং, গত ০১/০১/২০০৩ইং হতে ০৩ (তিন) বছরের দাখিল ৯ম শ্রেণি সাধারণ বিভাগ খোলার জন্য প্রাথমিক অনুমতি প্রাপ্ত হয়। অনুমতি পাওয়ার পর কয়েক বছর প্রতিষ্ঠানটি একাডেমিক পাঠদান ও পাবলিক বোর্ড পরীক্ষায় ছাত্র/ছাত্রী অংশগ্রহণ সহ সকল কাজ বেশ সুনামের সাথে চলছিল। সরকারী বিধি মোতাবেক স্ট্যাফিং প্যার্টান অনুসারে যথানিয়মে সকল পদে শিক্ষক শিক্ষিকা নিয়োগ করা হয়। বিগত সময়ে অধিকাংশ শিক্ষক-শিক্ষিকা অত্র মাদ্রাসা হতে চাকুরী ছেড়ে অনত্র চলে যায়। পরবর্তীতে প্রায় ১০ বছর মোঃ নজরুল ইসলাম সহ সুপার নিজেকে ভূয়া সুপার দেখিয়ে চলে যাওয়া শিক্ষকদের স্থলে বিভিন্ন জনকে বিপুল টাকার বিনিময়ে ভূয়া নিয়োগ পত্র দিয়ে অবৈধভাবে সকল কার্যক্রম পরিচালনা করে আসছে। বর্তমানে প্রতিষ্ঠানে কোন স্থাপনা বা শ্রেণিকক্ষ শিক্ষক-শিক্ষিকা, ছাত্র-ছাত্রী একজনও নেই। অথচ অবৈধভাবে ভূয়া তথ্য পরিবেশন করে বোর্ড হতে ম্যানিজিং কমিটি অনুমোদন করে নেয় এবং প্রতি বছর দাখিল ১০ম শ্রেণি বোর্ড পরীক্ষায় অন্য মাদরাসার দাখিল আলিম পাশ কৃত ভূয়া ছাত্রী পরীক্ষার্থী দেখিয়ে প্রতিবছর পরীক্ষায় অংশ গ্রহণ করে আসছে। উল্লেখ যে, এই প্রতিষ্ঠান প্রতিষ্ঠার শুরু থেকে যাদের সবচেয়ে অবদান বেশি তাদের বাদ দিয়ে ২০ কিলোমিটার দূরের পূর্ব বেগুনবাড়ী দাখিল মাদরাসা সুপার মোঃ আব্দুল মতিন খোশবাজার কালিম মাদরাসার শিক্ষক, মোঃ আবু নাঈম ভূয়া বিদ্যুৎসাহী বা অন্য ক্যাটাগরিতে সদস্য বানায় এবং মোঃ আমিনুল ইসলাম, মোঃ মজিবর রহমান,মোছাঃ আঞ্জুয়ারা বেগম, ভূয়া অভিভাবক দেখিয়ে তাছাড়া কোন অবদান নাই এমন ব্যক্তি মোঃ একরামুল ইসলামকে নিজ স্বার্থ চরিতার্থের জন্য সভাপতি করে কমিটি অনুমোদন করেন। ইহা ছাড়াও বোর্ডের চোখে ফাঁকি দিয়ে দুর্নীতির আশ্রয় নিয়ে প্রতিষ্ঠানে সকল কার্যক্রম পরিচালনা করে চলছে। বর্তমানে প্রতিষ্ঠানে দৃশ্যমান কোন কিছু নাই। বিষয়টি সুষ্ঠ তদন্ত করে ভূয়া কমিটি ভেঙ্গে দিয়ে নতুন কমিটি গঠনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে জনাবের সহায়তা একান্তভাবে কামনা করছি।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিতঃ-

১। জেলা প্রশাসক ঠাকুরগাঁও।
২। উপজেলা নির্বাহী অফিসার ঠাকুরগাঁও সদর।
৩। জেলা শিক্ষা অফিসার, ঠাকুরগাঁও।
৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ঠাকুরগাঁও।
৫। সভাপতি/সুপার হবিবর রহমান মহিলা দাখিল মাদরাসা।

তারিখ: ২২/১২/২০১৬ইং।

নিবেদক

মোঃ মানিক আলী 22/12/16

(মোঃ মানিক আলী)

পিতা- মোঃ হবিবর রহমান

বশিরপাড়া, ঠাকুরগাঁও।

01732382462

# বাংলাদেশ মাদ্‌রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বখ্‌শী বাজার, ঢাকা-১২১১।

## "অফিস আদেশ"

..........হবিবুর রহমান মহিলা..........মাদ্‌রাসা
ডাকঘর..........বাসির হাট.......... উপজেলা..........সদর.......... জেলা..........ঠাকুরগাঁও..........কে
দাখিল ৯ম শ্রেণী.......... খোলার প্রাথমিক (পাঠদানের) অনুমতি ১/১/২০০৬ ইং তারিখ
হতে ৩ (তিন) বছরের জন্য দেওয়া হলো।

**একাডেমিক স্বীকৃতির জন্য পুরনীয় শর্তাবলী ঃ**

১। স্বীকৃতি পাওয়ার জন্য মাদ্‌রাসাকে প্রাথমিক অনুমতি লাভের পর কমপক্ষে ১ (এক) বার মাদ্‌রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন পাবলিক পরীক্ষায় ছাত্র/ছাত্রীদেরকে অংশ গ্রহণ করাতে হবে।

২। দাখিল, আলিম, ফাযিল ও কামিল পর্যায়ে (যেখানে যা প্রযোজ্য) অধ্যয়নরত শিক্ষার্থীর ন্যূনতম ৭৫% কে পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে। অংশ গ্রহণকারী পরীক্ষার্থীর ন্যূনতম ৫০% কে পাশ করতে হবে।

৩। ৩ বছর মেয়াদী প্রাথমিক অনুমতির সময়সীমা শেষ হলে মাদ্‌রাসাটি সরেজমিনে পরিদর্শন করে বৃত্তি পরীক্ষা ও পাবলিক পরীক্ষার ফলাফল, মাদ্‌রাসায় ছাত্র/ছাত্রী ভর্তির হার, শ্রেণী কক্ষে উপস্থিতি ও বার্ষিক পরীক্ষায় অংশ গ্রহণকারীর সংখ্যা (শিক্ষা সমাপনী চক্রের হার) প্রভৃতি সন্তোষজনক বিবেচিত হলে মাদ্‌রাসাটিকে স্বীকৃতি প্রদানের ব্যবস্থা করা হবে।

৪। স্বীকৃতি প্রাপ্তির পরে যে কোন পর্যায়ে প্রযোজ্য শর্তের কোন ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অনুমতি/স্বীকৃতি স্থগিত কিংবা প্রত্যাহার করতে পারবেন।

৫। প্রাথমিক অনুমতি পাওয়ার ১ (এক) মাসের মধ্যে ছাত্র/ছাত্রীদের রেজিষ্ট্রেশন করতে হবে।

৬। ৩ (তিন) মাসের মধ্যে মাদ্‌রাসার কমিটি অনুমোদন করতে হবে।

স্বাক্ষরিত
চেয়ারম্যান
বাংলাদেশ মাদ্‌রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

নং- রিক/৭০৬৯/৯

তারিখঃ ১১/১/২০০৪ ইং।

**অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো ঃ**

১। সচিব, শিক্ষা মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পরিদপ্তর ..........রংপুর.......... অঞ্চল।
৩। রেজিষ্টার, বাংলাদেশ মাদ্‌রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৪। পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্‌রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৫। জেলা প্রশাসক ..........ঠাকুরগাঁও..........।
৬। জেলা শিক্ষা অফিসার ..........ঐ..........।
৭। উপজেলা নির্বাহী অফিসার ..........সদর, ঠাকুরগাঁও..........।
৮। অধ্যক্ষ/তত্ত্বাবধায়ক ..........হবিবুর রহমান মহিলা দাখিল মাদ্‌রাসা
৯। সংরক্ষিত কপি।

(স্বাক্ষর) ১১/১/০৪
পরিদর্শক
পক্ষে- চেয়ারম্যান
বাংলাদেশ মাদ্‌রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

(স্বাক্ষর) ১১/১/০৪